দৈনিক সংবাদ
তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন
৮৫
তারিখ 15 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 1

বিএম কলেজের শতবার্ষিকী


# চার রাষ্ট্রীয় মূলনীতি প্রতিষ্ঠিত হলে অরাজকতা দূর হবে

—কবীর চৌধুরী

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক কবীর চৌধুরী বলেছেন, দেশের কোথাও আজ সত্য, প্রেম ও পবিত্রতা নেই। হিংসা ও নিষ্ঠুরতা বেড়েই চলেছে। মিথ্যার ওপর

(১১-এর পাতায় দেখুন)



বি, এম কলেজের শতবর্ষপূর্তি উপলক্ষে আয়োজিত ঢাকায় প্রাক্তন ছাত্রছাত্রী ও শিক্ষকদের পুনর্মিলনী অনুষ্ঠানে স্মৃতিচারণ করছেন এডভোকেট শামসুল হক চৌধুরী। —সংবাদ

## বিএম কলেজের শতবার্ষিকী

(১ম পাতার পর)

ভিত্তি করে ধর্মকে রাজনীতির সাথে সম্পৃক্ত করে বর্তমানে রাষ্ট্র পরিচালিত হচ্ছে। তিনি বলেন, মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত চার রাষ্ট্রীয় মূলনীতি প্রতিষ্ঠিত হলে দেশের অরাজকতা দূর করা সম্ভব হবে। সংগ্রাম করেই চার রাষ্ট্রীয় মূলনীতি প্রতিষ্ঠিত করতে হবে।

গতকাল বুধবার বিকেলে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী মিলনায়তনে ব্রজমোহন কলেজের শতবর্ষপূর্তি উপলক্ষে বৃহত্তর বাকেরগঞ্জ-পটুয়াখালী সমিতির উদ্যোগে ঢাকায় প্রাক্তন ছাত্র, ছাত্রী ও শিক্ষকদের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেছেন। উল্লেখ্য, অধ্যাপক কবীর চৌধুরী ১৯৫৯ থেকে ১৯৬২ পর্যন্ত বি, এম কলেজের অধ্যক্ষ ছিলেন।

তিনি আরো বলেন, কোন শিক্ষাপ্রতিষ্ঠান সাংস্কৃতিক, ক্রীড়া ও প্রগতিশীল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু হয়ে না উঠলে এর গুরুত্ব থাকে না। তিনি বলেন, মহাত্মা অশ্বিনী কুমার দত্তের আকাঙ্ক্ষা ছিল সাম্প্রদায়িকতা বিরোধী হিসেবে মানুষকে মানুষ হিসেবে দেখা এবং সত্য,প্রেম ও পবিত্রতা প্রতিষ্ঠা করা।

অনুষ্ঠানে স্মৃতিচারণ করে বাকশালের চেয়ারম্যান মহিউদ্দিন আহমদ বলেন, আজ দেশের সর্বত্র সামাজিক অবক্ষয় ও অস্থিরতা দেখা দিয়েছে। এই অবস্থায় নতুন চিন্তাধারা ও পথ নির্দেশ দিতে না পারলে দেশের অস্তিত্ব হুমকির সম্মুখীন হতে পারে।

আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক আমির হোসেন আমু বলেন, নৈতিকতার অবক্ষয়রোধে সবাইকে সম্মিলিতভাবে প্রচেষ্টা চালাতে হবে।

বিশিষ্ট আইনজীবী শামসুল হক চৌধুরী বলেন, বি, এম কলেজ থেকে আমরা মানুষ হবার শিক্ষা পেয়েছি।

পুনর্মিলনী উদযাপন পরিষদের আহ্বায়ক কাজী বাহাউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত স্মৃতিচারণ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বি,এম, কলেজের প্রাক্তন ছাত্র সৈয়দ আজিজুল হক (নান্না মিঞা), ওয়ালিউল ইসলাম, নির্মল সেন, ডা: হাবিবুর রহমান, কাজী গোলাম মাহবুব, অধ্যক্ষ হোসনে আরা শাহেদ, ডা: সৈয়দ ফজলুল হক, [illegible] খান ও